

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার  
আইন, বিচার ও সংসদ বিষয়ক মন্ত্রণালয়  
আইন ও বিচার বিভাগ  
বিচার শাখা-৫  
www.lawjusticediv.gov.bd

নম্বর: ১০.০০.০০০০.১২৮.২৭.০০১.২৪.৯৮

তারিখ: ২২ মাঘ ১৪৩০  
০৫ ফেব্রুয়ারি ২০২৪

**বিষয়: বিচার প্রশাসন প্রশিক্ষণ ইনস্টিটিউটের সহকারী পরিচালক (প্রশিক্ষণ-২) জনাব নুসরাত জাহান এর পিতার চিকিৎসা ব্যয় নির্বাহের জন্য আর্থিক সহায়তা প্রদান।**

উপর্যুক্ত বিষয়ের প্রেক্ষিতে নির্দেশক্রমে জানানো যাচ্ছে যে, বিচার প্রশাসন প্রশিক্ষণ ইনস্টিটিউটের সহকারী পরিচালক (প্রশিক্ষণ-২) জনাব নুসরাত জাহান, ১১শ বিজেএস পরীক্ষার মাধ্যমে বাংলাদেশ জুডিসিয়াল সার্ভিসে সহকারী জজ হিসেবে যোগদান করেন। তার পিতা মোঃ ইসমাইল মিয়া হজকিন লিফ্ফোমা (স্টেজ-৪) এবং টিবি রোগে আক্রান্ত। হজকিন লিফ্ফোমা একটি নিরাময়যোগ্য ক্যান্সার, যার চিকিৎসা ব্যয় সাধারণত কম। কিন্তু তার পিতা দীর্ঘদিন যাবত উচ্চরক্তচাপ, ডায়াবেটিস, আর্লি পারকিন্সন, থায়রয়েডসহ নানাবিধ সমস্যায় ভুগছেন। ফলে সব থেকে উপযোগী ক্যামোথেরাপি তার বাবার জন্যে প্রয়োগ করা যাচ্ছে না। এমতাবস্থায় তার পিতাকে সাধারণ কেমো দিয়ে রোগ নিয়ন্ত্রণ করে পরবর্তিতে টার্গেটেড থেরাপি প্রদান করতে হবে। এই চিকিৎসা অত্যন্ত ব্যয়বহুল, যা তার সাধের বাইরে। তার পিতার চিকিৎসা সম্পন্ন করার জন্যে ৮-১২ রাউন্ড থেরাপির প্রয়োজন হবে। উল্লিখিত প্রতি রাউন্ড থেরাপির জন্যে ৪,০০,০০০/- (চার লাখ) টাকা প্রয়োজন। থেরাপির জন্যে মেডিসিন, হাসপাতাল, খরচসহ প্রায় ৬০,০০,০০০/- (ষাট লক্ষ) টাকা প্রয়োজন। তিনি তার পিতার চিকিৎসা ব্যয় নির্বাহের জন্য আর্থিক সহায়তার আবেদন করেছেন।

০২। এমতাবস্থায়, বিচার প্রশাসন প্রশিক্ষণ ইনস্টিটিউটের সহকারী পরিচালক (প্রশিক্ষণ-২) জনাব নুসরাত জাহান এর পিতার চিকিৎসা খরচ নির্বাহে যথাসাধ্য আর্থিক সহায়তা প্রদানের জন্যে সারাদেশের অধস্তন আদালতে কর্মরত বিচারকগণকে অনুরোধ করা হলো।


**সহায়তা পাঠানোর ঠিকানা:**

নুসরাত জাহান

একাউন্ট নম্বর: ১০১১৫৭০০২৪৯৪৫

রাউটিং নম্বর: ০৯০২৭৩৮৮৯

ডাচ বাংলা ব্যাংক পিএলসি, লোকাল অফিস ব্রাঞ্চ, দিলকুশা, ঢাকা।

  
০৭/০২/২০২৪

(মোঃ আব্দুল্লাহ-আল-মাসুম)

সিনিয়র সহকারী সচিব (প্রশাসন)

ফোন : ২২৩৩৫৭৪২০

section5@lawjusticediv.gov.bd

**কার্যার্থে ও জ্ঞাতার্থে বিতরণ (জ্যেষ্ঠতার ক্রমানুসারে নয়) :**

- ১। জেলা ও দায়রা জজ / মহানগর দায়রা জজ ... (সকল) [ আপনার জেলা/মহানগরে কর্মরত সকল পর্যায়ের বিচারকগণকে অবহিত করার অনুরোধসহ ]
- ২। চীফ জুডিসিয়াল ম্যাজিস্ট্রেট / চীফ মেট্রোপলিটন ম্যাজিস্ট্রেট ... (সকল) [ আপনার ম্যাজিস্ট্রেটসীতে কর্মরত সকল ম্যাজিস্ট্রেটকে অবহিত করার অনুরোধসহ ]
- ৩। রেজিস্ট্রার জেনারেল, বাংলাদেশ সুপ্রীম কোর্ট, ঢাকা।
- ৪। সচিবের একান্ত সচিব, আইন ও বিচার বিভাগ।
- ৫। জনাব নুসরাত জাহান, সহকারী পরিচালক (প্রশিক্ষণ-২), বিচার প্রশাসন প্রশিক্ষণ ইনস্টিটিউট, ঢাকা।
- ৬। প্রোগ্রামার, আইন ও বিচার বিভাগ (ওয়েবসাইটে প্রকাশের অনুরোধসহ)।
- ৭। অফিস কপি।